নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:-

1.মিনু সারাদিন নানা রকম সুস্বাদু খাবারের কথা ভাবে এবং কাজের সময়ও খাওয়ার চিন্তায় ব্যস্ত থাকে। গল্পের কোন চরিত্রের সঙ্গে মিনুর আচরণের মিল পাওয়া যায়?

পরিশ্রমী ব্যক্তি / ভোজনবিলাসী / শৃঙ্খলাবদ্ধ ব্যক্তি / শয্যাবিলাসী।

2. ভোজনবিলাসী শয্যাবিলাসী গল্পে “বিলাস” শব্দটি কোন ধরনের প্রবৃত্তিকে বোঝায়?

সাধারণ জীবনযাপন / অতিরিক্ত আরাম বা দক্ষতা / পরিশ্রম করার ইচ্ছা / অন্যকে সাহায্য করার মনোভাব।

3.তোমাদের ক্লাসে “দক্ষতা তৈরি  করার উপায়” বিষয়ে আলোচনা হলে কোন কাজটি সবচেয়ে উপযুক্ত হবে?

শুধু গল্প শোনা / প্রকল্পে অংশগ্রহণ / পড়াশোনা বন্ধ করা / সময় নষ্ট করা ।

4.“প্রভাত” কবিতায় ভোরের সময় প্রকৃতির কোন পরিবর্তন লক্ষ করা যায়?

অন্ধকার আরও বেড়ে যায় / চারদিকে নতুন প্রাণের সঞ্চার হয় / সবকিছু নিশ্চল হয়ে যায় / প্রকৃতি ভীত হয়ে পড়ে ।

5.ভোজনবিলাসী ও শয্যাবিলাসী গল্প অনুযায়ী কোন  খাবার সাজানো ছিল না ?

চর্ব  / চুষ্য  / পেয় / গলদ্ধকরণ ।

6.মন্তব্য : মুখে লাগাম দিয়ে ঘোড়া, লোকের পিঠে চড়ে।
 কারণ : এসব কিছুই মজার দেশের ঘটনা নয় ।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

7. মন্তব্য :  শিশু উঠে পড়ে এবং মুখ ধোয়।
 কারণ: বিকেল বেলা সকলেই ঘুম থেকে ওঠে।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

8.প্রভাত কবিতা পাঠের পর “সকালের গুরুত্ব” নিয়ে আলোচনা হলে কোন বিষয়টি উঠে আসতে পারে?
সময়ের মূল্য ও কর্মপ্রেরণা / অলসতার প্রশংসা / কাজ না করার উপায় / শুধু বিশ্রামের কথা ।
9. মজার দেশে কার মুখে লাগাম দেওয়া হয়?
ঘোড়া / বাঘ / মানুষ / মাছ।
10. মন্ডা মিঠাই তেতো লাগে কেন ?
খেতে ভালো না তাই / মজার দেশ তাই / ছেলেরা কেউ খায় না তাই / সব মাছেরা খেয়ে নেয় তাই।